

বৈশিষ্ট্য ইতিহাস

তারিখ

পৃষ্ঠা ৩৩ ক্রমাঙ্ক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংস্থাপন মন্ত্রণালয়
সরকারী কর্মচারী কল্যাণ অধিদপ্তর
১ম ১২ তলা সরকারী অফিস ভবন
সেগুনবাগিচা, ঢাকা

নং-সককঅ-শিক্ষা-১৪/২০০০-৬৮১

তারিখঃ ২০/১২/২০০১ইং

বিজ্ঞপ্তি

বিষয় : ৩য় ও ৪র্থ শ্রেণীর সরকারী কর্মচারীদের সন্তান-সন্ততিদের
জন্য ২০০১-২০০২ইং সালের শিক্ষাবৃত্তির দরখাস্ত আহ্বান।

ডাক, তার ও দুয়ালাপনী, বাংলাদেশ রেলওয়ে, বাংলাদেশ রাইফেলস, বাংলাদেশ পুলিশ ও সশস্ত্র বাহিনীর কর্মচারী ব্যতীত বেসামরিক খাত হইতে বেতন গ্রহণকারী ৩য় ও ৪র্থ শ্রেণীর নন-গেজেটেড সকল সরকারী কর্মচারীদের নিকট হইতে তাহাদের সন্তানদের শিক্ষাবৃত্তির জন্য নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাইতেছে; কন্টিনজেন্সি, প্রযুক্তিচার্জ কর্মচারী বাহারা একনাগাড়ে ৫ (পাঁচ) বসের বা তদূর্ধ্ব কাল চাকুরীতে নিয়োজিত আছেন তাহারাও তাদের সন্তানদের শিক্ষাবৃত্তির জন্য আবেদন করিতে পারিবেন।

২। উপরোক্ত শ্রেণীর কর্মচারিগণ প্রাথমিক শিক্ষা ব্যতীত যেকোন শিক্ষা কোর্সে অধ্যয়নরত অনূর্ধ্ব ২ (দুই) জন সন্তানের জন্য একই ফরমে আবেদন করিতে পারিবেন। তবে তাহাদের সন্তানদের পূর্ববর্তী বার্ষিক পরীক্ষার প্রত্যেক বিষয়ে পাস নম্বরসহ গড়ে ৪০% থাকিতে হইবে। সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীদের পূর্ববর্তী বার্ষিক পরীক্ষার মূল নম্বরপত্র এবং মাধ্যমিক শিক্ষা কোর্সের উপরে শ্রেণীর ক্ষেত্রে বোর্ড/ বিশ্ববিদ্যালয়ের নম্বরপত্রসহ আবেদনপত্রের ফরম যথাযথভাবে পূরণ করিয়া আগামী ১৪ ফেব্রুয়ারী, ২০০২/০২ ফাল্গুন, ১৪০৮ তারিখের মধ্যে নিজ নিজ অফিস প্রধানের মাধ্যমে সরকারী কর্মচারী কল্যাণ অধিদপ্তরের সংশ্লিষ্ট অফিসে পৌছাইতে হইবে। উক্ত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র বিবেচনা করা হইবে না। পরীক্ষার ফলাফলের মূল নম্বর পত্রের পরিবর্তে উহার ফটোকপি কিংবা অনুলিপি প্রদান করা হইলে তাহা অবশ্যই ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হইতে হইবে।

৩। শিক্ষাবৃত্তির জন্য নির্ধারিত ফরম সপ্রাধিকৃত যাহাতে কর্মচারিগণ নির্দিষ্ট সময়ের মধ্যে আবেদন করিতে পারে সেদিকে লক্ষ্য রাখিয়া অধিদপ্তরের প্রধান ও বিভাগীয় কার্যালয়সমূহ এবং প্রত্যেক জেলা প্রশাসকের অফিসের মাধ্যমে বিনা মূল্যে ফরম বিতরণের ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে।

৪। কর্মচারিগণ স্ব-স্ব অফিস কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করিয়া অধিদপ্তরের নিম্নবর্ণিত কার্যালয়সমূহ অথবা সংশ্লিষ্ট জেলা প্রশাসকের অফিস হইতে ব্যক্তিগতভাবে কিংবা ডাকবোলে ৪ (চার) টাকার ডাকটিকিট যুক্ত ঠিকানা সহলিপি ১০' x ৫' সাইজের স্বাম শ্রেণণ পূর্বক উক্ত ফরম সংগ্রহ করিতে পারিবেন।

১। মহাপরিচালক, সরকারী কর্মচারী কল্যাণ অধিদপ্তর,
১ম ১২তলা সরকারী অফিস ভবন (১১ তলা),
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

২। উপ-পরিচালক, সরকারী কর্মচারী কল্যাণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়,
১ম ১২ তলা সরকারী অফিস ভবন (৩য় তলা),
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

৩। উপ-পরিচালক, সরকারী কর্মচারী কল্যাণ অধিদপ্তর,
বিভাগীয় কার্যালয়, আমাবাস, চট্টগ্রাম।

৪। উপ-পরিচালক, সরকারী কর্মচারী কল্যাণ অধিদপ্তর,
বিভাগীয় কার্যালয়, বয়রা, খুলনা।

৫। উপ-পরিচালক, সরকারী কর্মচারী কল্যাণ অধিদপ্তর,
বিভাগীয় কার্যালয়, রাজশাহী।

৬। উপ-পরিচালক, সরকারী কর্মচারী কল্যাণ অধিদপ্তর,
বিভাগীয় কার্যালয়, বরিশাল।

৭। উপ-পরিচালক, সরকারী কর্মচারী কল্যাণ অধিদপ্তর,
বিভাগীয় কার্যালয়, কোট বিভিৎ, সিলেট।

ডিএফপি-৩১৫৭১-২০/১২
স-৫১০৫(৮x০)

এমএ মাজেক
মহাপরিচালক